# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৪১. কোন ধরনের সংবাদ না দিয়ে হঠাৎ রাত্রি বেলায় নিজ স্ত্রীর নিকট উপস্থিত হওয়া

জাবির (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِذَا قَدِمَ أَحَدُكُمْ لَيْلاً فَلاَ يَأْتِيَنَّ أَهْلَهُ طُرُوْقًا حَتَّى تَسْتَحِدَّ الْـمُغِيْبَةُ وَتَمْتَشِطَ الشَّعِثَةُ

“যখন তোমাদের কেউ সফর শেষে নিজ এলাকায় রাত্রি বেলায় পদার্পণ করে তখন সে যেন তড়িঘড়ি নিজ স্ত্রীর নিকট না আসে যতক্ষণ না উক্ত স্বামী অনুপস্থিত মহিলাটি নিজ নাভিনিম্ন কেশ পরিষ্কার করে এবং নিজের এলোমেলো চুলগুলো আঁচড়ে নেয়”।[1]

রাসূল (সা.) সফর শেষে নিজ এলাকায় পৌঁছুলে সকাল অথবা সন্ধ্যা বেলায় নিজ স্ত্রীদের সাথে সাক্ষাৎ করতেন। রাত্রি বেলায় নয়।

আনাস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

كَانَ رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لاَ يَطْرُقُ أَهْلَهُ لَيْلاً ، وَكَانَ يَأْتِيْهِمْ غُدْوَةً أَوْ عَشِيَّةً

“রাসূল (সা.) (সফর শেষে রাত্রি বেলায় নিজ এলাকায় পৌঁছুলে) রাত্রি বেলায় নিজ স্ত্রীদের নিকট যেতেন না। বরং তিনি তাঁদের নিকট যেতেন সকাল অথবা সন্ধ্যা বেলায়”।[2]

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ৭১৫)

[2] (মুসলিম, হাদীস ১৯২৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11291

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন